

যোগদানের তারিখ : ৩০ জানুয়ারি, ২০২৪  
ফোন নম্বর : ০২৫৮৯৯০২৭০৯  
মোবাইল নম্বর : ০১৩২৪২৮৯৩২৪  
ইমেইল ঠিকানা : dlobogura@dls.gov.bd

জনাব ড. মোঃ আনিছুর রহমান জেলা প্রাণিসম্পদ অফিসার হিসেবে জেলা প্রাণিসম্পদ দপ্তর, বগুড়ায় কর্মরত আছেন।

তিনি ১৯৯৯ সালের ২৪ শে অক্টোবর গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলায় ভেটেরিনারি সার্জন হিসেবে কর্মজীবন শুরু করেন। এছাড়াও তিনি গাইবান্ধা সদর উপজেলায় ভেটেরিনারি সার্জন হিসেবে দায়িত্ব পালন করেন। গাইবান্ধা সদর উপজেলায় ভেটেরিনারি সার্জন হিসেবে দায়িত্ব পালনরত অবস্থায় **USDA** এর অর্থায়নে থেরিওজেনোলজিতে এমএস ডিগ্রি অর্জন করেন। পরবর্তীতে তিনি বগুড়া জেলার কাহালু উপজেলায়, নওগা জেলার রাণীনগর উপজেলায়, বগুড়া জেলার গাবতলী ও দুপচাঁচিয়া উপজেলায় “উপজেলা প্রাণিসম্পদ অফিসার” হিসেবে দায়িত্ব পালন করেন। দুপচাঁচিয়া উপজেলায় “উপজেলা প্রাণিসম্পদ অফিসার” হিসেবে দায়িত্ব পালনকালে তিনি **IAEA** এর অর্থায়নে "**Application of genomic tools for genetic improvement of crossbred Friesian cattle in Bangladesh**" এর উপরে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। পিএইচডি ডিগ্রি অর্জন শেষে তিনি বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকায় দায়িত্ব পালন করেন। পিএইচডি গবেষণাকালীন সময়ে ১৯/০২/২০১৯ তারিখে তিনি জেলা প্রাণিসম্পদ অফিসার/সমমান পদে পদোন্নতি পান। অতঃপর তিনি জেলা ট্রেনিং অফিসার হিসেবে দিনাজপুর জেলায় যোগদান করেন। গত ১৭/০৮/২০২৩ তারিখ থেকে জেলা ট্রেনিং অফিসার, বগুড়া হিসেবে কর্মরত আছেন। ৩০/০১/২০২৪ তারিখ থেকে অদ্যাবধি জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অ.দা.), বগুড়া হিসেবে কর্মরত আছেন।

জনাব ড. মোঃ আনিছুর রহমান গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার দরবস্ত ইউনিয়নে এক সাধারণ মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে ভেটেরিনারি সাইন্স এ ১৯৯৮ সালে ডিডিএম ডিগ্রি ও ২০০৬ সালে এমএস ডিগ্রি অর্জন করেন। তিনি ২০১৩ সালে **PLDP-DLS** প্রকল্পের আওতায় থাইল্যান্ডের **KASETSART University** তে **Training on International Leadership Development in Poultry Sector** বিষয়ে ২১ দিনব্যাপি প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি বিবাহিত ও দুই সন্তানের জনক।